

নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৬.০৯.০০১৯.২৬.১৮৪

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানাচ্ছি যে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো:

(১) ট্যাক্সি ক্যাব (২) পিক আপ (৩) মাইক্রোবাস (৪) ট্রাক

২। সেই সাথে ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা হতে ১৩ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ মধ্যরাত ১২.০০ টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। তবে উপরোল্লিখিত নিষেধাজ্ঞা নিম্নেবর্ণিত ক্ষেত্রে শিথিল করা হলো:

(ক) আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, সশস্ত্র বাহিনী, প্রশাসন ও অনুমতিপ্রাপ্ত পর্যবেক্ষক;

(খ) জরুরি সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহনকারী সকল ধরনের যানবাহন;

(গ) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;


(ঘ) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ি (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়িতে স্টিকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(ঙ) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরি কোন কাজে ব্যবহৃত যানবাহন/মোটর সাইকেল নির্বাচন কমিশন/রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(চ) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান;

(ছ) টেলিযোগাযোগ সেবাকে জরুরি সেবা হিসেবে বিবেচনা করে বিটিআরসি এবং বিটিআরসি হতে লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহের যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা শিথিল থাকবে; এবং

(জ) জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ছাড়াও আন্তঃজেলা বা মহানগর থেকে বাহির বা প্রবেশের জন্য গুরুত্বপূর্ণ সড়ক, মহাসড়ক ও প্রধান প্রধান রাস্তার সংযোগ সড়ক বা উক্তরূপ সকল রাস্তায় নিষেধাজ্ঞা শিথিল থাকবে।



(মোঃ তৌফিকুর রহমান)

জেলা প্রশাসক, বগুড়া

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬

ফোন: ০২৫৮৯৯০০০২০ (অফিস)


ই-মেইল: dcbogura@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০০০.০০৬.০৯.০০১৯.২৬.১৮৪

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
০১ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, বগুড়া।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, বগুড়া।
- ০৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
- ০৮। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার,.....(সকল), বগুড়া।
- ১০। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, বগুড়া সদর, বগুড়া।
- ১১। উপজেলা নির্বাচন অফিসার,.....(সকল), বগুড়া।
- ১২। সহকারী পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বগুড়া।
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, বগুড়া প্রেসক্লাব, বগুড়া।
- ১৪। জনাব.....
- ১৫। অফিস কপি।


০২/০২/২৬

জেলা প্রশাসক, বগুড়া

ও

রিটার্নিং অফিসার

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট-২০২৬